



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/১৩৬৮/৪/গাইবান্ধা-১৫৭

তারিখ: ১০.০৪.২০১৯খ্রিঃ

বিষয়: অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, গাইবান্ধা জেলার ফুলছড়ি উপজেলাধীন চিকিরপটল রহমানিয়া দাখিল মাদ্রাসা স্থানান্তরের বিষয়ে উক্ত মাদ্রাসার সাবেক ম্যানেজিং কমিটির সভাপতি জনাব মো: হাসমত আলী একটি অভিযোগ দাখিল করেছেন। তিনি অভিযোগে উল্লেখ করেছেন যে, উক্ত প্রতিষ্ঠানের শিক্ষক মন্ডলী গাইবান্ধা শহরে বসবাস করার কারণে নদী পারাপারের অযুহাতে বেশ কিছু দিন থেকে প্রতিষ্ঠানটি নদীর পশ্চিম পাড়ে স্থানান্তরের পায়তারা চালায়। স্থানীয় ইউপি চেয়ারম্যান ও সুপারের সার্বিক সহযোগিতায় গত ০১লা জানুয়ারি ২০১৯ তারিখে নদীর পশ্চিম পাড়ে উড়িয়া মৌজায় নতুন গৃহ স্থাপনপূর্বক পাঠদান শুরু করেছে। উল্লেখ্য মাদ্রাসা ভবন এখনও নদী থেকে বেশ দূরে আছে এবং সকল অবকাঠামোও সঠিক আছে (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় মাদ্রাসার স্থান পরিবর্তনের বিষয়টি গুরুত্বপূর্ণ বিধায় সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য তাঁকে অনুরোধ করা হলো।

সংযুক্তি বর্ণনা মোতাবেক (দ্রষ্টব্য) পাতা।

জেলা প্রশাসক
ফুলছড়ি, গাইবান্ধা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

নং-বামাশিবো/প্রশাসন/১৩৬৮/৪/গাইবান্ধা-১৫৭

তারিখ: ১০.০৪.২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. উপজেলা নির্বাহী অফিসার, ফুলছড়ি, গাইবান্ধা।
২. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলছড়ি, গাইবান্ধা।
৩. সভাপতি, চিকিরপটল রহমানিয়া দাখিল মাদ্রাসা, ফুলছড়ি, গাইবান্ধা।
৪. সুপার, চিকিরপটল রহমানিয়া দাখিল মাদ্রাসা, ফুলছড়ি, গাইবান্ধা।
৫. জনাব মো: হাসমত আলী (সাবেক সভাপতি), চিকিরপটল রহমানিয়া দাখিল মাদ্রাসা, ফুলছড়ি, গাইবান্ধা।
৬. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪